দৈনিক সংবাদ

তারিখ 19 AUG 1989
পৃষ্ঠা ২ কলাম ৭

# শিবির-ছাত্রদল সমঝোতার জন্য আলোচনা

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ইসলামী ছাত্র শিবির জাতীয়তাবাদী ছাত্রদলের কাছে সমঝোতার প্রস্তাব দিয়েছে।

গত কয়েকদিনে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে এই দুই সংগঠনের কর্মীদের মধ্যে ব্যাপক সংঘর্ষের পরিপ্রেক্ষিতে ছাত্র শিবিরের দেয়া প্রস্তাবে আলাপ-আলোচনার মাধ্যমে সম্পর্ক স্বাভাবিক করার আহ্বান জানানো হয়েছে। গতকাল শুক্রবার

(শেষ পৃ: ৮-এর ক: দ্র:)

## শিবির-ছাত্রদল

(১ম পাতার পর)

আহূত সাংবাদিক সম্মেলনে এক প্রশ্নের জবাবে শিবিরের সভাপতি শামসুল ইসলাম এ তথ্য প্রকাশ করে জানান, তাদের প্রস্তাবের কোন জবাব ছাত্রদল এখনো দেয়নি।

সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠকালে তিনি অভিযোগ করেন, ছাত্রদলের হামলায় গত ৪ দিনে আলিয়া মাদ্রাসা, ঢাকা ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ৫৯ জন শিবির নেতা-কর্মী আহত হয়েছে, তাদের ৫০টি কক্ষ ভাঙচুর, লুটপাট ও অগ্নিসংযোগ এবং ৪০টি সিট দখল করা হয়েছে।

আলিয়া মাদ্রাসা কর্তৃপক্ষের প্রশ্রয়ে ছাত্রদল কর্মীদের কথিত কার্যকলাপের বর্ণনা দিয়ে তিনি বলেন, ছাত্রাবাসে অবৈধভাবে কয়েকটি কক্ষ দখল করে তারা বহিরাগতদের সহায়তায় দীর্ঘদিন ধরে সন্ত্রাস ও নানা রকম অসামাজিক কার্যকলাপে লিপ্ত ছিল।

তিনি সাম্প্রতিককালে সংঘটিত সকল সন্ত্রাসের বিচার বিভাগীয় তদন্ত ও দোষীদের শাস্তি এবং আটক শিবির কর্মীদের মুক্তি দাবী করেন। শিক্ষাঙ্গনে সন্ত্রাস বন্ধ করে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনার লক্ষ্যে তিনি সকল ছাত্র সংগঠনের প্রতি আলোচনায় বসার আহ্বান জানান।

সাম্প্রতিক সংঘর্ষগুলোতে উল্লেখযোগ্যসংখ্যক ছাত্রদল কর্মীর আহত হবার কারণ কি এ প্রশ্নের জবাবে শিবির সভাপতি বলেন, শিবির কর্মীরা আত্মরক্ষা করার সময় তাদের পাল্টা আঘাতে ছাত্রদল কর্মীরা আহত হয়ে থাকতে পারে।

সাংবাদিক সম্মেলনে অন্যদের মধ্যে সাবেক শিবির নেতা সৈয়দ আবদুল্লাহ মোঃ তাহের, বর্তমান নেতৃবৃন্দ আমিনুল ইসলাম, নূরুল আমিন, মুজিবুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।